MAR. 1[illegible] 2001

তারিখ ........................
পৃষ্ঠা ১ ...... কলাম ...২.....

# আজ কাল ও পরশু সরকারি কলেজে শিক্ষকদের ক্লাস বর্জন

পদোন্নতিসহ ৪ দফা দাবিতে দেশের ২৪৬টি সরকারি কলেজ, টিটি কলেজ ও আলিয়া মাদ্রাসার শিক্ষকরা আজ থেকে তিন দিন ক্লাস বর্জন করছেন। বিসিএস সাধারণ শিক্ষা সমিতি এ কর্মসূচি আহ্বান করে। দীর্ঘ ৫ বছর যাবৎ সরকারি কলেজগুলোতে শিক্ষকদের পদোন্নতি বন্ধ রয়েছে। এতে শিক্ষকরা চরম হতাশ। এ নিয়ে আন্দোলন, মামলা-মোকদ্দমা- বহু কিছু হয়েছে। সর্বশেষ গত ২৭ ফেব্রুয়ারি শিক্ষা ভবন চত্বরে অনুষ্ঠিত সমাবেশ থেকে এ কর্মসূচির ঘোষণা দেয়া হয়। পদোন্নতি ছাড়া অন্যান্য দাবির মধ্যে রয়েছে অর্জিত ছুটি, প্রত্যেক কলেজে প্রয়োজনীয় পদ সৃষ্টি ও সৃষ্ট পদ স্থায়ীকরণ। ২১ মার্চের মধ্যে দাবি মানা না হলে ২৩ মার্চ ঢাকা কলেজে অনুষ্ঠেয় সভা থেকে পরবর্তী কর্মসূচি দেয়া হবে বলে সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।